## তৃণমূলে গোষ্ঠীদ্বন্দ্ব!

# বসিরহাটের সাধারণ সম্পাদিকা আক্রান্ত, মারধর, গাড়ি ভাঙচুরের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, বাদুড়িয়া:** তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে! বসিরহাট জেলার সাধারণ সম্পাদিকা আক্রান্ত, মারধর, গাড়ি ভাঙচুরের অভিযোগ। তৃণমূলের পঞ্চায়েতের উপপ্রধানের বিরুদ্ধে অভিযোগ। উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার বাদুড়িয়ার শিমুলিয়া এলাকার ঘটনা। বাদুড়িয়া থানায় অভিযোগ দায়ের। তৃণমূলের বসিরহাট সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদিকা সিরিয়া পারভিন রাতে বাড়ি ফেরার পথে আক্রান্ত হন। তাঁর গাড়ি আটকে ঘিরে ধরে গাড়ি ভাঙচুর করা হয়। তাঁকে গাড়ি থেকে টেনে বের করে তাঁর শ্লীলতাহানি করা হয় বলে অভিযোগ। তৃণমূলেরই আর এক গোষ্ঠীর বিরুদ্ধে অভিযোগ।

বাদুড়িয়ার যশাইকাঠি পঞ্চায়েতের উপপ্রধান তারিক হাসানের বিরুদ্ধে অভিযোগ। যদিও এই বিষয়ে যার বিরুদ্ধে অভিযোগ সেই যশাইকাটি আটঘরা গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান তারিক হাসান বলেন, 'আমার বিরুদ্ধে যে অভিযোগ করছেন উনি সেটা পুরোটাই মিথ্যে। তার কারণ উনিও আমাদের দলেরই একজন নেত্রী। আমিও দলের একজন সৈনিক, আমি কেন ওঁর ওপরে এরকম ভাবে আক্রমণ করব।' পাশাপাশি এটাও বলেন যে, তিনি খবর পেয়ে ঘটনাস্থলে যায় সমস্যার সমাধান করতে। তখন সেখানে বাদুড়িয়া থানার পুলিশ ছিল। তাদেরই সামনে সব ঘটেছে। পুলিশ সব সবকিছু জানে এবং তারাই বলতে পারবে। তাঁর দাবি, 'সিরিয়া পারভিন আমার নামে মিথ্যা অপবাদ দিচ্ছে।' পুরো বিষয়টা তদন্ত শুরু করেছে বাদুড়িয়া থানার পুলিশ।

# ট্রেন স্টেশনে ঢুকতেই পাথর ছোড়ায় জানালার কাচ ভেঙে লেগে আহত যাত্রী

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** প্রতিদিন লোকাল ট্রেনে যাতায়াত করেন বহু মানুষ। লোকাল ট্রেনে এমন অভিজ্ঞতার শিকার হতে হল যাত্রীদের, যা নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলে দিল আবারও। জানালার কাচ ভেঙে আঘাত লাগল মহিলা যাত্রীর কপালে। সোশ্যাল মিডিয়ায় সেই ছবি পোস্টও করেছেন ওই যাত্রী। যেখানে দেখা যাচ্ছে, জানলার কাচ ভেঙেচুড়ে গিয়েছে, ছড়িয়ে-ছিটিয়ে পড়ে রয়েছে সিটের ওপর।

অভিযোগকারী যাত্রীর নাম মামন জানা। তিনি জানিয়েছেন, রবিবার রাতে শেষ লোকাল ট্রেনে উঠেছিলেন তিনি। সঙ্গে আরও কয়েকজন ছিলেন। বর্ধমানের মানকুণ্ডু থেকে আপ বর্ধমান লোকালে চেপেছিলেন মগরা যাওয়ার জন্য। ব্যান্ডেল স্টেশন ছেড়ে যখন ট্রেনটি আদিসপ্তগ্রাম স্টেশনে ঢুকছে, ঠিক তখনই একটা জোরে শব্দ হয়।



মামন জানার অভিযোগ, কেউ বা কারা ওই ট্রেন লক্ষ্য করে পাথর ছোড়ে। জানালার পাশেই বসেছিলেন তিনি। পাথরের আঘাতেই ভেঙে যায় কাচ। কাচ ভেঙে লাগে ওই যাত্রীর মাথায়, কিছুটা কেটেও যায়। তবে গায়ে শীতের পোশাক থাকায় শরীরে কাচের টুকরো ঢোকেনি। মগরা স্টেশনে নেমে আরপিএফ-কে বিষয়টি জানান তারা। আরপিএফ তাঁদের পরামর্শ দেন, যাতে তাঁরা হাসপাতালে গিয়ে চিকিৎসা করান। সেই মতো চিকিৎসা করান ওই যাত্রী। তবে ওই অভিজ্ঞতা ভুলতে পারছেন না যাত্রী। তিনি জানান, ইভেন্ট ম্যানেজমেন্টের কাজের সঙ্গে যুক্ত থাকায় মাঝেমধ্যেই বেশি রাতে বাড়ি ফিরতে হয়। তাই ট্রেনে এই ধরনের ঘটনা ঘটলে, সেটা খুব ভয়ের বলে মন্তব্য করেন তিনি। যাত্রী বলেন, 'কপাল ভালো বড় কিছু হয়নি। আরপিএফের কাছে গিয়েও খুব একটা সাহায্য পাইনি।'

পূর্ব রেলের দায়িত্ব প্রাপ্ত মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত জানান, এই ঘটনার বিষয়ে লিখিত কোনও অভিযোগ দায়ের হয়নি। অভিযোগ হলে তার তদন্ত করা হবে।

# লরির ধাক্কায় মৃত্যু প্রৌঢ়ার, অবরোধ বিক্ষোভ গোঘাটে

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** দোকানে খাদ্য সামগ্রী কিনতে গিয়ে আর বাড়ি ফেরা হল না প্রৌঢ়ার। লরির ধাক্কায় মর্মান্তিকভাবে মৃত্যু প্রৌঢ়ার। সেই ঘটনাকে ঘিরে তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে হুগলির গোঘাট থানার অন্তর্গত উল্লাসপুর এলাকায়। পুলিশ গেলে পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখায় গ্রামবাসী। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটে উল্লাসপুর এলাকায়।

লরির চালককে পুলিশ আটক করে গাড়িতে তোলার সময় রে রে করে জনতা ক্ষুব্ধ হয়ে তেড়ে মারতে যাওয়ার চেষ্টা করে চালককে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। মৃতদেহ উদ্ধার করতে গেলে প্রথমে পুলিশকে বাধা দেওয়ার পাশাপাশি বিক্ষোভ দেখায় গ্রামবাসী। জানা গেছে, ওই এলাকার মাজেদা বিবি এদিন দোকান থেকে খাদ্য সামগ্রী কিনে বাড়ি ফিরছিলেন এরপর উল্লাসপুর ব্রিজের ওপর লরির ধাক্কায় মৃত্যু হয়। সেই ঘটনাকে ঘিরেই রীতিমতো উত্তেজনা ছড়ায়।

এলাকার মানুষের দাবি, এলাকায় যে ব্রিজ আছে সরু ব্রিজ যার কারণে বারবার দুর্ঘটনা ঘটছে, তারা এ বিষয়ে প্রশাসনকে জানিয়েছে কিন্তু ব্রিজ নতুন করে বড় ব্রিজ নির্মাণ এখনও হয়নি। যাতে আগামী দিনে পথ দুর্ঘটনায় কারো প্রাণ না যায়। গোঘাট থানার পুলিশ মৃতদেহ উদ্ধার




করে ময়নাতদন্তের জন্য পাঠায় আরামবাগ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। পুলিশ এই ঘটনায় লরির চালক ও লরি টিকে আটক করেছে।

ঘটনা প্রসঙ্গে মৃতের ছেলে সেখ মনতেজ আলি জানান, 'আমার মা মোড়ে বিস্কুট কিনতে গিয়েছিল, সেই সময় বাড়িতে ধাক্কা মারে।' পাশাপাশি এক গ্রামবাসী জানান, 'আমাদের গ্রামের এক মহিলা দোকান যাচ্ছিল ফেরার পথে একটা লরি অ্যাক্সিডেন্ট করে। পিডব্লিউডি রাস্তা করেছে কিন্তু ব্রিজ করেনি। এই ব্রিজ দিয়ে ভয়ে ভয়ে যাতায়াত করতে হয়। গ্রামের ছেলে মেয়েরা স্কুলে এবং টিউশন করতে গেলে আমরা চিন্তায় থাকি।'

# বুড়ো পীর সাহেবের মেলায় ভিড়

**নিজস্ব প্রতিবেদন, খণ্ডঘোষ:** চিরাচরিত প্রথা এবং ঐতিহ্য মেনে পূর্ব বর্ধমানের খণ্ডঘোষের গোপালবেরা অঞ্চলের আঁটিরা গ্রামে চলছে বুড়ো পীর সাহেবের মেলা। প্রতি বছরের মতো এ বছরও এই বাৎসরিক মেলা ঘিরে প্রচুর মানুষজনের ভিড় লক্ষ্য করা যায়। ধর্ম বর্ণ নির্বিশেষে বিভিন্ন সম্প্রদায়ের মানুষজন এই বুড়ো পীর সাহেবের মেলাতে সমবেত হয়েছেন। চার দিনব্যাপী এই উৎসবকে ঘিরে মাতোয়ারা অঞ্চলের বাসিন্দারা। খণ্ডঘোষ ছাড়াও পার্শ্ববর্তী বিভিন্ন এলাকা থেকে এমনকি প্রতিবেশী জেলা থেকেও প্রচুর ভক্তরা আসেন। চারদিনব্যাপী আয়োজিত এই বুড়ো পীর সাহেবের মেলা কেন্দ্র করে সত্য পীরের গান, খিচুড়ি ভোগ, পায়েস বিতরণ এছাড়াও অন্যান্য নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই চারদিন ব্যাপী মঙ্গলবার উৎসবের দ্বিতীয় দিন ছিল। এদিন খিচুড়ি ভোগ বিতরণ করা হয় প্রায় চার হাজার আগত মানুষজনের মধ্যে। মনস্কামনা পূরণের জন্য বুড়ো পীর সাহেবের দরবারে আসেন নানান বয়সী ভক্তরা। বিশ্বাস এবং ভক্তি ভরে পীর সাহেবের পুজোও করেন সকলে। চারদিন ধরে চলে নানান উপাচার অনুষ্ঠান চলে। প্রতিবছরের মতো এবারও পীর সাহেবের মেলা ঘিরে হাজার হাজার মানুষজনের ভিড়।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

## ইউনাইটেড ক্রেডিট লিমিটেড

CIN: L65993WB1970PLC027781
রেজিস্টার্ড অফিস : ২৭বি, ক্যামাক স্ট্রিট (৯ম তল), কলকাতা- ৭০০০১৬
টেলিফোন নং (০৩৩) ২২৮৭ - ৯৩৫৯/৯৩৬০ ফ্যাক্স: (০৩৩) ২২৮৭ - ২০৪৭
ই-মেল : unitedcreditltd@gmail.com, ওয়েবসাইট : www.unitedcreditltd.com

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(টাকা লাখে)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৪ | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৩ |
|---|---|---|---|---|
| | | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত |
| ১ | মোট আয় কার্যাদি থেকে | ৮৮.৬৭ | ২৬২.৯৬ | ৮৩.৭৯ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফাপূর্ব) | ৪১.৪৩ | ১৩০.৭৫ | ৯১.৩১ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৪১.৪৩ | ১৩০.৭৫ | ৯১.৩১ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ২৭.১৭ | ৯৬.৪৮ | ৭০.৪৫ |
| ৫ | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)] | ২৭.১৭ | ৯৬.৪৮ | ৭০.৪৫ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৫৪৯.৩০ | ৫৪৯.৩০ | ৫৪৯.৩০ |
| ৭ | সংরক্ষণ (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) সমাপ্ত ৩১ মার্চ পূর্ব হিসাব বর্ষের ব্যালান্সসীটে প্রদর্শিতমতো | | | |
| ৮ | ক) শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (চলতি এবং অচলতি কার্যক্রমের জন্য) : | | | |
| | ১. মৌলিক | ০.৫১ | ১.৮১ | ১.৩২ |
| | ২. মিশ্রিত | ০.৫১ | ১.৮১ | ১.৩২ |

দ্রষ্টব্য :
ক) উপরোক্তটি সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা ৩১.১২.২০২৪ -এ সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাটের সারাংশ।
খ) ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট উপলব্ধ স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটসমূহ - www.bseindia.com, www.cse-india.com এবং কোম্পানির ওয়েবসাইট www.unitedcreditltd.com -তেও।

বোর্ডের আদেশক্রমে
(এ. কে. ডাবরিওয়ালা)
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00024498
স্থান : কলকাতা
তারিখ: ১১ ফেব্রুয়ারি, ২০২৫

## শালিমার ওয়্যারস্ ইন্ডাস্ট্রিজ লিমিটেড

Shalimar Wires Industries Limited
CIN : L74140WB1996PLC081521
রেজিস্টার্ড অফিস : ২৫, গণেশচন্দ্র এভিনিউ, কলকাতা-৭০০০১৩
টেলি: ৯১-৩৩-২২৩৪৯৩০৮/০৯/১০, ফ্যাক্স: ৯১-৩৩-২২১১ ৬৮৮০
ই-মেল আইডি : kejriwal@shalimarwires.com, ওয়েবসাইট: www.shalimarwires.com

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখ সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

টাকার অঙ্ক লাখে

| ক্রম নং | বিবরণ | ৩ মাস সমাপ্ত (৩১/১২/২০২৪) | ৩ মাস সমাপ্ত (৩০/০৯/২০২৪) | ৩ মাস সমাপ্ত (৩১/১২/২০২৩) | নয় মাস সমাপ্ত (৩১/১২/২০২৪) | নয় মাস সমাপ্ত (৩১/১২/২০২৩) | বর্ষ সমাপ্ত (৩১/০৩/২০২৪) |
|---|---|---|---|---|---|---|---|
| | | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৩,০৮৮.৩৬ | ৩,০৭৬.৮৮ | ২,৯৩৪.৭৯ | ৯,৫৫৮.৯৮ | ৯,৪২৯.১৫ | ১২,৮৫০.৩৭ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | ৩৯.৭৭ | ২৪.৯৬ | (১০৯.৯২) | ১৪৫.৯৬ | ১৫৭.০১ | (৫১.১৮) |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৩৯.৭৭ | ২৪.৯৬ | (১০৯.৯২) | ১৪৫.৯৬ | ১৫৭.০১ | ১৪৬.৬২ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৩৯.৭৭ | ২৪.৯৬ | (১০৯.৯২) | ১৪৫.৯৬ | ১৫৭.০১ | ১৪৬.৬২ |
| ৫ | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [(কর পরবর্তী) সময়কালের জন্য অন্তর্গত লাভ/(ক্ষতি) এবং (কর পরবর্তী) অন্যান্য ব্যাপক আয়] | ৩৯.৭৭ | ২৪.৯৬ | (১০৯.৯২) | ১৪৫.৯৬ | ১৫৭.০১ | ২০১.৭২ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ | ৮৫৫.১০ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি | ২,৬৪৩.২৯ | ২,৬২৮.৪৭ | ২,২৯১.৮৭ | ২,৭৪৯.৪৮ | ২,৫৫৮.৮০ | ২,৬০৩.৫১ |
| ৮ | শেয়ার প্রতি আয় (২/- টাকা প্রতিটি) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য) | | | | | | |
| | মৌলিক | ০.০৯ | ০.০৬ | (০.২৬) | ০.৩৪ | ০.৩৭ | ০.৩৪ |
| | মিশ্রিত | ০.০৯ | ০.০৬ | (০.২৬) | ০.৩৪ | ০.৩৭ | ০.৩৪ |

দ্রষ্টব্য :
১. উপরের ফর্ম্যাট ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে ৩য় ত্রৈমাসিক এবং নয় মাসের কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। কোম্পানির ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটটি কোম্পানির এবং স্টক এক্সচেঞ্জ(সমূহ)-র ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

শালিমার ওয়্যারস ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
সুনীল খৈতান
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN No. 00385961
স্থান : কলকাতা
তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০২৫

## MINOLTA FINANCE LIMITED

**Corporate Identity Number:** L65921WB1993PLC057502
**Registered Office:** Unique Pearl, BL-A, Hatiara, Roy Para, Kolkata, West Bengal, India, 700157
**Tel:** 033-22485794 | **Email id:** minoltafinance@gmail.com | **Website:** www.mintola.co.in

**EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULT FOR THE QUARTER ENDED DECEMBER 31, 2024**

(₹ In Lacs)

| Sr. No. | Particulars | Quarter Ended | | | 9 Months Ended | | Year Ended |
|---|---|---|---|---|---|---|---|
| | | As on 30.12.2024 | As on 30.09.2024 | As on 31.12.2023 | As on 31.12.2024 | As on 31.12.2023 | 31.03.2024 |
| | | Unaudited | Unaudited | Unaudited | Unaudited | Unaudited | Audited |
| 1. | Total Income from Operations | 22.14 | 23.31 | 16.74 | 68.01 | 52.94 | 138.26 |
| 2. | Total Expenses | 19.41 | 21.99 | 15.59 | 62.64 | 49.27 | 131.29 |
| 3. | Net Profit/ (Loss) for the period before Tax | 2.73 | 1.32 | 1.16 | 5.37 | 3.66 | 6.97 |
| 4. | Net Profit/(Loss) for the period after Tax | 2.73 | 1.32 | 1.16 | 5.37 | 3.66 | 5.16 |
| 5. | Paid-up Equity Share Capital ( FV 10/- each) | 999.96 | 999.96 | 999.96 | 999.96 | 999.96 | 999.96 |
| | Basic | 0.0027 | 0.0013 | 0.0012 | 0.0054 | 0.0037 | 0.0052 |
| | Diluted | 0.0027 | 0.0013 | 0.0012 | 0.0054 | 0.0037 | 0.0052 |

**Note:** 1. The Segmental Report for the Quarter as per AS-17 is not applicable for the Quarter.
2. Above results were reviewed by Audit Committee and taken on record by Board of Directors in meeting held on 10th February 2025.
3. Provision for Taxation will be made at the end of the Financial Year.
4. Figures of Previous Year/Quarter/Period has been re casted/regrouped wherever necessary.
5. Statutory Auditors of the Company have carried "Limited Review" for above Results.

The full format is also available on the website of the company i.e. www.mintola.co.in and BSE's and CSE's Website i.e. https://www.bseindia.com and www.cse-india.com.

**For Minolta Finance Limited**
**Sd/-**
**Arvind Gala**
**Director**
**DIN: 02392119**
**Place :** Kolkata
**Date :** 10.02.2025

## জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ৫, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০০০১
দূরভাষ: (০৩৩) ২২৪৮-৯৮০৮, ফ্যাক্স (০৩৩) ২২৪৩-০০২১
ইমেল: Jaibalaji@jaibalajigroup.com, ওয়েবসাইট: www.jaibalajigroup.com
CIN: L27102WB1999PLC089755

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত তৃতীয় ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(₹ লাখে)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | | | কনসোলিডেটেড | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ত্রৈমাসিক সমাপ্ত | | | নয় মাস সমাপ্ত | | বর্ষ সমাপ্ত | ত্রৈমাসিক সমাপ্ত | | | নয় মাস সমাপ্ত | |
| | | ৩১.১২.২০২৪ | ৩০.০৯.২০২৪ | ৩১.১২.২০২৩ | ৩১.১২.২০২৪ | ৩১.১২.২০২৩ | ৩১.০৩.২০২৪ | ৩১.১২.২০২৪ | ৩০.০৯.২০২৪ | ৩১.১২.২০২৩ | ৩১.১২.২০২৪ | ৩১.১২.২০২৩ |
| | | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১,৫০৩.৯০ | ১,৫৭৮.৫২ | ১,৫৬২.৪৩ | ৪,৮১০.২৩ | ৪,৬২৭.০৪ | ৬,৬২৮.৮৭ | ১,৫০৩.৯০ | ১,৫৭৮.৫২ | ১,৫৬২.৪৩ | ৪,৮১০.২৩ | ৪,৬২৭.০৪ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ববর্তী) | ১৬৯.৬২ | ২১২.৭৪ | ২৩৪.৬০ | ৬৬৯.৬৫ | ৬০৬.৫৯ | ৯৬৩.২১ | ১৬৯.৬২ | ২১২.৭৪ | ২৩৪.৬০ | ৬৬৯.৬৫ | ৬০৬.৫৯ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ১৬৯.৬২ | ২১২.৭৪ | ২৩৪.৬০ | ৬৬৯.৬৫ | ৬০৬.৫৯ | ৯৬৩.২১ | ১৬৯.৬২ | ২১২.৭৪ | ২৩৪.৬০ | ৬৬৯.৬৫ | ৬০৬.৫৯ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ১২০.৪২ | ১৫৩.১৬ | ২৩৪.৬০ | ৪৮২.৪০ | ৬০৬.৫৯ | ৮৭৯.৫৬ | ১২০.৪২ | ১৫৩.১৬ | ২৩৪.৬০ | ৪৮২.৪০ | ৬০৬.৫৯ |
| ৫ | সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় { সময়কালের জন্য লাভ/ক্ষতি সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (কর পরবর্তী )} | ১২০.৪২ | ১৫৩.১৬ | ২৩৪.৬০ | ৪৮২.৪০ | ৬০৬.৫৯ | ৮৭৮.৭৫ | ১২০.৪২ | ১৫৩.১৬ | ২৩৪.৬০ | ৪৮২.৪০ | ৬০৬.৫৯ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ১৮২.৪৫ | ১৮২.৪৫ | ১৬০.৪৫ | ১৮২.৪৫ | ১৬০.৪৫ | ১৬৩.৬৫ | ১৮২.৪৫ | ১৮২.৪৫ | ১৬০.৪৫ | ১৮২.৪৫ | ১৬০.৪৫ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি | - | - | - | - | - | ১,৩৪০.৪৭ | - | - | - | - | - |
| ৮ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ₹ ১০/-) (বার্ষিকীকৃত নয়) | | | | | | | | | | | |
| | (ক) মৌলিক (₹) | ১.৩২ | ১.৬৮ | ২.৯৪ | ৫.৪২ | ৭.৭৭ | ১১.১৬ | ১.৩২ | ১.৬৮ | ২.৯৪ | ৫.৪২ | ৭.৭৭ |
| | (খ) মিশ্রিত (₹) | ১.৩২ | ১.৬৮ | ২.৬৪ | ৫.৩৫ | ৬.৮১ | ৯.৯৬ | ১.৩২ | ১.৬৮ | ২.৬৪ | ৫.৩৫ | ৬.৮১ |

দ্রষ্টব্য:
ক) উপরোক্ত বিষয়টি হল সেবি (লিস্টিং ওবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে পেশ করা ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত তৃতীয় ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত তৃতীয় ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটসমূহ যথাক্রমে www.nseindia.com, www.bseindia.com এবং এবং কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে।
খ) উপরিউক্ত ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং ১১.০২.২০২৫ তারিখের পরিচালন পর্ষদের সভায় অনুমোদিত।
গ) বিগত বর্ষের রাশিসমূহকে চলতি সময়কালের রাশির সঙ্গে সমতুল করতে পুনর্সজ্জিত/ পুনর্দলভুক্ত করা হয়েছে।

জয় বালাজি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বা/-
সঞ্জীব জাজোদিয়া
(হোল-টাইম ডিরেক্টর এবং চিফ ফিনান্সিয়াল অফিসার)
(DIN : 00036339)
স্থান: কলকাতা
তারিখ: ১১ ফেব্রুয়ারি, ২০২৫

## জিপিটি হেলথ্‌কেয়ার লিমিটেড

GPT group
রেজিস্টার্ড অফিস: জিপিটি সেন্টার, জেসি - ২৫, সেক্টর-৩, সল্টলেক, কলকাতা - ৭০০ ১০৬
CIN- L70101WB1989PLC047402, ওয়েবসাইট- www.ilshospitals.com
ই-মেল: ghl.cosec@gptgroup.co.in, ফোন- ০৩৩ - ৪০৫০ ৭০০০

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৪ | বর্ষ থেকে তারিখ সমাপ্ত ৩১.১২.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৩ |
|---|---|---|---|
| | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত |
| ১ কার্যাদি থেকে মোট আয় | ১০,২২০.৬৬ | ৩০,৫৬৮.৯২ | ৯,৬৫৯.১৭ |
| ২ নিট লাভ কর পূর্ব সাধারণ কাজকর্ম থেকে | ১,৭৬১.৯৮ | ৫,২৯৭.৬৭ | ১,৫৯৮.৭৫ |
| ৩ নিট লাভ কর পরবর্তী সাধারণ কাজকর্ম থেকে | ১,২২৪.৬১ | ৩,৭০৩.১৭ | ১,১৪৭.০০ |
| ৪ মোট ব্যাপক আয় | ১,২০১.২২ | ৩,৬৮০.৪৭ | ১,১৩৯.৯২ |
| ৫ ইক্যুইটি শেয়ার মূলধন ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটি | ৮,২০৫.৪৮ | ৮,২০৫.৪৮ | ৭,৯৯০.৪৩ |
| ৬ অন্যান্য ইক্যুইটি | | | |
| ৭ শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়)* মৌলিক এবং মিশ্রিত | ১.৪৯* | ৪.৫১* | ১.৪৪* |

দ্রষ্টব্য :
১. উপরোক্তটি ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ, যা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com এবং www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.ilshospitals.com -তেও পাওয়া যাবে।
২. উপরিউক্ত সময়ে কোম্পানির কোনও ব্যতিক্রমী দফা ছিল না।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
স্বা/-
দ্বারিকা প্রসাদ তাঁতিয়া
এগজিকিউটিভ চেয়ারম্যান
DIN: 00001341
স্থান: কলকাতা
তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০২৫

